কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q1

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ভারত সেবা অ্যাকাডেমি
তোমাদের কোচিং সেন্টার
যে সমস্ত কোর্সে ভর্তি চলছে
পশ্চিমবঙ্গ পুলিশ (Cons./SI) • SSC
আর্ট-আর্মি • ARMY • NAVY •
AIRFORCE • RAIL / GR.-D • RPF
• KP • GENERAL COMBINED ও EXCISE
CALL - 8420919765

বর্ষ ৪২ সংখ্যা ২ কলকাতা বুধবার, ৪ অগস্ট ২০২১/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ১৯ শ্রাবণ ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

## ধানবাদ আই আই টিতে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে ৭৩ জনকে নেবে ধানবাদের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (ইন্ডিয়ান স্কুল অব মাইনস)। মোট শূন্যপদের মধ্যে ১১টি তফসিলি জাতির জন্য, ৬টি তফসিলি উপজাতির জন্য, ২১টি ও বি সি-র জন্য এবং ১০টি আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 411002/6/2021-NFR.

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ যে-কোনও শাখায় স্নাতক। এম-এস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার-পয়েন্ট সহ কম্পিউটারে অফিস অ্যাপ্লিকেশন জানতে হবে। কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৪০টি অথবা হিন্দিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **বয়স:** ৩১-৮-২০২১ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iitism.ac.in. অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩১ অগস্ট। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে হবে না। বিশদ জানতে আগ্রহীরা দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।

## আর্মি নেভি এয়ারফোর্সে কয়েকশো অফিসার

### কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস পরীক্ষা ১৪ নভেম্বর

আর্মি, নেভি ও এয়ারফোর্সে অফিসার র‍্যাঙ্কে চাকরির জন্য ট্রেনিং দিয়ে কয়েকশো তরুণ-তরুণী নেওয়া হবে। গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। প্রথমে ট্রেনিং। সফল হলে চাকরি। মহিলারা কেবলমাত্র অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য আবেদন করতে পারেন।

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (২), ২০২১-এর মাধ্যমে। পরীক্ষা হবে ১৪ নভেম্বর। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির** জন্য শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট ডিগ্রি। ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে থাকা চাই। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। শুধুমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করবেন। বয়স নির্দিষ্ট তারিখে ২০ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীরা নির্দিষ্ট তারিখে ২৬ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। ২৫ বছরের কমবয়সি প্রার্থীদের অবশ্যই অবিবাহিত হতে হবে।

**ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি ও অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির** জন্য শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ইন্ডিয়ান মিলিটারি

*এরপর দুইয়ের পাতায়*

## উত্তর মধ্য রেলে ১৬৬৪ ট্রেড অ্যাপ্রেন্টিস

১,৬৬৪ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে নর্থ সেন্ট্রাল রেলওয়ে। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে, প্রয়াগরাজ, ঝাঁসি এবং আগ্রার ওয়ার্কশপ ও ডিভিশনে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RRC/NCR/01/2021.

**ডিভিশন ও ওয়ার্কশপ অনুসারে আসনসংখ্যার বিবরণ: প্রয়াগরাজ ডিভিশন: মেকানিক্যাল বিভাগ:** টেকনিক্যাল ফিটার: ৩৩৫টি (সাধারণ ১৩৭, তফসিলি জাতি ৫০, তফসিলি উপজাতি ২৫, ও বি সি ৯০, আর্থিক ভাবে অনগ্রসর ৩৩)। এর মধ্যে ৩টি করে আসন অস্থিসংক্রান্ত ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ১০টি আসন প্রাক্তন

*এরপর দুয়ের পাতায়*

## ভারত ইলেক্ট্রনিক্সে ১১২ অ্যাপ্রেন্টিস

১১২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ভারত ইলেক্ট্রনিক্স। সংস্থার গাজিয়াবাদ ইউনিটে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক এবং কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 12930/64/HRD/GAD/01.

**আসনসংখ্যার বিবরণ:** ফিটার ৫টি, ইলেক্ট্রিশিয়ান ১০টি, ইলেক্ট্রনিক মেকানিক ১০টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৮৭টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। ৩০-৯-২০২১ তারিখ অনুসারে তিন বছর বা তার আগে সংশ্লিষ্ট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে আবেদন করবেন না। বয়স: ৩০-৯-২০২১ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছর, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

স্টাইপেন্ড: প্রতি মাসে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে ৭,৯৮৭ টাকা এবং অন্যান্য ট্রেডের ক্ষেত্রে ৮,৯৮৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রথমে প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে

*এরপর দুইয়ের পাতায়*

## নৌবাহিনীতে যন্ত্রশিল্পী

নাবিক পদে ৩৩ জন দক্ষ যন্ত্রবাদক নেবে ভারতীয় নৌবাহিনী। 02/2021 ব্যাচে নিয়োগ করা হবে।

**আবেদনের যোগ্যতা: শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। কি-বোর্ড বা স্ট্রিং বা উইন্ড ইনস্ট্রুমেন্ট বা কোনও ভারতীয় বা বিদেশি বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা থাকতে হবে। এর পাশাপাশি গান গাইতে জানতে হবে।

মিউজিকে ডিগ্রি বা ডিপ্লোমা বা সার্টিফিকেট বা পার্টিসিপেশন সার্টিফিকেট বা পুরস্কার বা অভিজ্ঞতার সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

বয়স: জন্মতারিখ হতে হবে ১-১০-১৯৯৬ থেকে ৩০-৯-২০০৪-এর মধ্যে।

স্টাইপেন্ড: ট্রেনিং চলাকালীন প্রতি মাসে ১৪,৬০০ টাকা।

সফল ভাবে ট্রেনিং শেষে বেতনক্রম ২১,৭০০-৬৯,১০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা।

উচ্চতা: অন্তত ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলাতে পারা চাই।

*এরপর দুইয়ের পাতায়*




## এরোনটিক্যাল ডেভেলপমেন্ট এজেন্সিতে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদে ৬৩ জনকে নেবে এরোনটিক্যাল ডেভেলপমেন্ট এজেন্সি। এটি কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত প্রতিষ্ঠান। চুক্তিতে নিয়োগ করা হবে ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ADA:ADV-112.

**শূন্যপদের বিবরণ:** প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-১: ৪৬টি। প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-২: ১৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-১ পদের ক্ষেত্রে ২ বছর এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-২ পদের ক্ষেত্রে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২০-৮-২০২১ তারিখে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-১ পদের ক্ষেত্রে ৩৫ বছর এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-২ পদের ক্ষেত্রে ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-১ পদের ক্ষেত্রে প্রতি মাসে ৫০,০০০ টাকা, প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-২ পদের ক্ষেত্রে প্রতি মাসে ৬০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rac.

*এরপর দুইয়ের পাতায়*

## শতদ্রু জলবিদ্যুৎ নিগমে ফিল্ড ইঞ্জিনিয়ার


### গেট পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল ও ইনফর্মেশন টেকনোলজি শাখায় ৬৪ জন ফিল্ড ইঞ্জিনিয়ার নেবে শতদ্রু জলবিদ্যুৎ নিগম। এটি ভারত সরকার ও হিমাচল প্রদেশ সরকারের যৌথ উদ্যোগে গড়ে ওঠা একটি সংস্থা। প্রাথমিক ভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ২ বছর বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 94/2021.

**শাখা অনুসারে শূন্যপদ: সিভিল:** শূন্যপদ ৩০টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **মেকানিক্যাল:** শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইনফর্মেশন টেকনোলজি:** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। মোট শূন্যপদের মধ্যে ৪টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

*এরপর তিনের পাতায়*






jobindiagroup.com

# ALL INDIA ADMISSION GOING ON : 2021 - 2022

## নার্সিং
- GNM Nursing
- B.Sc Nursing
- Post Basic Nursing

Approved by : INC

## ফার্মাসি
- D. Pharmacy
- B. Pharmacy
- Pharm-D

Approved by : PCI

## আইন
- BA LLB
- BBA LLB
- LLB, LLM

Approved by : UGC & BCI

## PARA MEDICAL
- Medical Lab Technology (Dip)
- X-Ray Technician (Dip)
- Optometry Technician (Dip)
- Operation Theatre Technician (Dip)
- Medical Lab Technology (B.Sc)

## ENGINEERING & POLYTECHNIC
- Civil
- Mechanical
- Electrical
- Auto Mobile
- Electrical & Electronics

## MANAGEMENT & COMPUTER SCIENCE
- MBA (HR/ Finance/ Marketing/ Retail)
- BBA, BCA, MCA
- B.Sc/ M.Sc - Computer Science

## Hotel Management

## BASIC SCIENCE
- B.Sc & M.Sc (রেগুলার/ডিস্টেন্স) (Physics, Chemistry, Mathematics, Botany, Zoology, Micro Biology, Bio-Technology)

## BASIC ARTS
- BA & MA (রেগুলার/ডিস্টেন্স) (Bengali, English, History, Geography, Political Science, Education, Sanskrit & Sociology)

## EDUCATION TRAINING
B.Ed, M.Ed, D.El.Ed, B.P.Ed, Approved by NCTE

Ph.D Programme under UGC Regulations

## লাইব্রেরী সায়েন্স কোর্স : B.Libs, M.Libs

# Sister Alphonsa Academy
ISO 9001:2015 Certified Institute

Corporate Office : - সোনারপুর, মিশনপল্লী মোড়, কোলকাতা-৭০০১৫০

**9123012351/7003323135/9748023586** বাঁকুড়া **8348043505**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in